

শিক্ষা ব্যবস্থায় নতুন দিগন্ত

অনলাইন এডুকেশন

খন্দকার হাসান শাহরিয়ার

সিদ্ধেশ্বরী গার্লস কলেজের ইংরেজির ছাত্রী নীলিমার অনার্স ফাইনাল পরীক্ষা শেষ হয়ে গেছে। তাই এখন সে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে এমবিএ করার চিন্তাভাবনা করছে। নীলিমার মতো অনেকেই এমবিএতে ভর্তি হন। কিন্তু তারা অনেকেই জানেন না, দেশে থেকেই খুব সহজে ইন্টারনেটে লগঅন করে বিশ্বের বিভিন্ন দেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ের কাস্ট্রিক ডিগ্রি অর্জন করা সম্ভব।

অনলাইন শিক্ষায় স্বাগতম
অনলাইন এডুকেশন আধুনিক শিক্ষা ব্যবস্থার এক আকর্ষণীয় সংযোজন। অনলাইন এডুকেশনে কোর্সের যাবতীয় বিবরণ ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়। ইচ্ছা করলে ছাত্রছাত্রীরা ইন্টারনেটে লগঅন করে শ্রেণীকক্ষেও যোগদান করতে পারে। প্রথমদিকে অবশ্য অনেকেই এই পদ্ধতিতে অর্জিত শিক্ষা গতানুগতিক শিক্ষার (ক্যাম্পাসভিত্তিক) সমমর্যাদায় মূল্যায়িত হবে না এমনটি ভেবে অনলাইন শিক্ষার প্রতি অনেকেই অনগ্রহ দেখিয়েছিলেন। তবে ধীরে ধীরে সেই ধারণা ভেঙে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে দিন দিন অনলাইন শিক্ষার ছাত্রসংখ্যা বেড়েই চলেছে। আমেরিকার কলোরাডো বিশ্ববিদ্যালয়ে ১৯৯৭ সালে অনলাইনে কোনো ছাত্রছাত্রী ছিল না। কিন্তু বর্তমানে ছাত্রছাত্রী সংখ্যা প্রায় ১০ হাজার। এরকম পৃথিবীর অনেক দেশে ছোট-বড়ো নানা বিশ্ববিদ্যালয়ে বা কলেজে রয়েছে অনলাইন শিক্ষার সুযোগ। এদের মধ্যে ইন্দিরা গান্ধী জাতীয় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, এনআইআইটি নেট ডার্সিটি, ইউনিভার্সিটি অফ লন্ডন, ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়া, নিউইর্ক ইউনিভার্সিটি প্রভৃতি উল্লেখযোগ্য। এসব প্রতিষ্ঠানে এমবিএ ডিগ্রি থেকে আরম্ভ করে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি, ডিপ্লোমা, হেলথ কেয়ার, সমাজবিজ্ঞান, গণিত, ব্যবসায় প্রশাসন, অর্থনীতি, আইন, সাংবাদিকতা, ইংরেজি, কম্পিউটারের ওপর বিভিন্ন ডিগ্রি প্রদান করা হয়। এসব বিষয়ের ওপর ডিগ্রি অর্জন ছাড়া ও ছোট ছোট কোর্সও অনলাইনে করা সম্ভব।

অনলাইন শিক্ষায় শিক্ষার্থীরা প্রয়োজন অনুসারে সেশন হ্রাস বৃদ্ধি করতে পারে। অনলাইন শিক্ষায় দুভাবে লেখাপড়া সংক্রান্ত যেকোনো সমস্যার সমাধান করা হয়। প্রথমত,



১টি ছাত্র কোনো বিষয়ে তার নিজের অভিমত ব্যক্ত করতে পারে এবং অন্যের মতামত নিতে পারে। দ্বিতীয়ত, একটি নিউজ গ্রুপে ব্যবহারকারী যেকোনো সময় যেকোনো বিষয়ে পর্যালোচনার জন্য প্রবেশ করতে পারে। সবচেয়ে বড়ো সুবিধার মধ্যে একটি হলো আপনি পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে লগঅন করে শ্রেণীকক্ষের পাঠদান সম্পর্কে অবহিত হতে পারছেন। অনলাইন এডুকেশন পেশাজীবীদের জন্য একটি ভালো সুযোগ, কারণ কোনো জায়গায় কয়েক বছর না থেকেও তারা পছন্দমতো বিষয় পড়তে পারে এবং নিজেকে উপযুক্ত করে নিতে পারে। এছাড়া বিভিন্ন দেশের শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করে জ্ঞানের পরিধি বৃদ্ধির সুযোগ তো রয়েছেই। বিশ্ববিদ্যালয়ের তথ্যাবলী পাবেন যেভাবে

Is eCampus the place for you?
Degrees and Certificates
About e-courses
Tuition, Fees and Refunds
What's New?

নির্ভরযোগ্য অনলাইন প্রতিষ্ঠান খোঁজার জন্য একটি ভালো উপায় হচ্ছে বিভিন্ন উৎস থেকে তথ্য নিয়ে কয়েকটি পছন্দের বিশ্ববিদ্যালয় নির্ধারণ করা। এরপর ইন্টারনেটে এসব বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে গিয়ে ডিসটেট লারনিং বা অনলাইন এডুকেশনের ওপর অনুসন্ধান করা। সাহিত্য, ইংরেজি, ইতিহাস, আইন, প্রকৌশল, বাণিজ্য প্রভৃতি বিষয়ের ওপর ডিগ্রি করে সারা পৃথিবীর কলেজ ও বিশ্ববিদ্যালয়ের তালিকার জন্য প্রয়োজন www.utesase-du/world/lecture/index/html-এ খোঁজ করতে পারেন। এছাড়াও ইয়াহু, গুগলসিহ অন্য সার্চ ইঞ্জিন তো রয়েছেই।

অনলাইন শিক্ষায় খরচ
অনলাইন শিক্ষা পদ্ধতি কিন্তু কখনোই ফ্রি নয়। বরং গতানুগতিক ক্যাম্পাসভিত্তিক শিক্ষার ব্যয়ভারের প্রায় সমান। কোনো কোনো ক্ষেত্রে ব্যয় কম বা বেশিও হতে পারে। এটি স্বভাবতই নির্ভর করে সংশ্লিষ্ট কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ওপর। যেমন নর্দান কলোরাডা বিশ্ববিদ্যালয়ে অনলাইন বা ক্যাম্পাসভিত্তিক যেকোনো শিক্ষার ক্ষেত্রেই খরচ সমান। অর্থাৎ ক্যাম্পাসের বাইরের এবং ভিতরের সব শিক্ষার্থীকেই প্রতি ক্রেডিট আওয়ারের জন্য সমপরিমাণ অর্থ দিতে হবে। এসব প্রতিষ্ঠানের ব্যয় ছাড়াও অনলাইন শিক্ষায় আরো রয়েছে ইন্টারনেট ব্যবহারের খরচ এবং প্রিন্টিং খরচ।

অনলাইন এডুকেশন প্রতিষ্ঠান
ইন্দিরা গান্ধী জাতীয় উন্মুক্ত বিশ্ববিদ্যালয় : এই বিশ্ববিদ্যালয়ে অনলাইনের মাধ্যমে ব্যাচেলর ইন কম্পিউটার সাইন্স, ডিপ্লোমা ইন কম্পিউটার এন্ড অফিস ম্যানেজম্যান্ট, সার্টিফিকেট ইন কম্পিউটিং, মাস্টার ইন কম্পিউটার এপ্রিকেশন, সার্টিফিকেট ইন নেটওয়ার্কিং ওরিয়েন্টেড অফিস কম্পিউটিং, সার্টিফিকেট ইন ওয়েব ডিজাইনিং প্রভৃতি বিষয়ের ওপর ডিগ্রি অর্জনের সুযোগ রয়েছে। যোগাযোগ ইন্দির গান্ধী জাতীয় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, নতুনদিল্লি ভারত। ওয়েবসাইট : www.ignou.edu ইমেইল : webmaster@ignou.edu

এনআইআইটি নেটডার্সিটি : এই বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে মাইক্রোসফটের এমসিএসআই কোর্স করে আপনি মাইক্রোসফট সার্টিফাইড প্রফেশনালে হতে পারেন। যোগাযোগ : ওয়েবসাইট : www.netversity.com ইমেইল : webmaster@netversity.com এছাড়াও আরো যেসব প্রতিষ্ঠানের অনলাইন এডুকেশন ব্যবস্থা রয়েছে সেগুলো হলো :
জেড নেট ইউনিভার্সিটি
ওয়েবসাইট : www.zdu.com
ইমেইল : wdbmaster@cadu.com
বেলভু ইউনিভার্সিটি
ওয়েবসাইট : www.bellcvuc.edu

